

■ সুনান আত তিরমিজী (তাহকীকৃত)

হাদিস নাম্বারঃ ৩১১০

88/ তাফসীরুল কুরআন উপর রসূল মুহাম্মদ (ﷺ) কর্তৃত তেব্য

পরিচ্ছেদঃ ১২. সূরা হুদ

আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنْ بُرَيْدٍ بْنِ عَبْدِ اللَّهِ، عَنْ أَبِي بُرْدَةَ، عَنْ أَبِي مُوسَىٰ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ "إِنَّ اللَّهَ تَبَارَكَ وَتَعَالَى يُمْلِي وَرِبَّاً مَا قَالَ يُمْهِلُ لِلظَّالِمِ حَتَّىٰ إِذَا أَخَذَهُ لَمْ يُفْلِتْهُ". ثُمَّ قَرَأَ : (كَذَلِكَ أَخْذُ رَبِّكَ إِذَا أَخَذَ الْقَرَى) الآيَةَ . قَالَ أَبُو عِيسَىٰ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ وَقَدْ رَوَاهُ أَبُو أَسَامَةَ عَنْ بُرَيْدٍ نَحْوَهُ وَقَالَ يُمْلِي .

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعِيدِ الْجَوْهَرِيُّ، عَنْ أَبِي أَسَامَةَ، عَنْ بُرَيْدٍ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي بُرْدَةَ، عَنْ جَدِّهِ أَبِي بُرْدَةَ، عَنْ أَبِي مُوسَىٰ، عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَحْوَهُ وَقَالَ يُمْلِي وَلَمْ يَشْكُ فِيهِ .

বাংলা

৩১১০। আবু মূসা (রায়ি): হতে বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ বারকাতময় আল্লাহ তা'আলা যালিম-অত্যাচারীকে অবকাশ দেন অথবা সুযোগ দেন। অবশেষে তিনি যখন তাকে পাকড়াও করেন তখন আর রেহাই দেন না। তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তিলাওয়াত করলেন (অনুবাদ):

"এরূপই তোমার প্রতিপালকের শাস্তি। তিনি জনপদসমূহকে শাস্তিদান করেন যখন তারা সীমালঙ্ঘন করে। নিশ্চয় তার শাস্তি মর্মস্তুদ, কঠিন" (সূরা হুদ ১০২)।

সহীহঃ বুখারী (৪৬৮৬), মুসলিম।

আবু উসামা বলেন, এ হাদীসটি হাসান সহীহ গরীব। আবু উসামাও বুরাইদ হতে একই রকম বর্ণনা করেছেন এবং তাতে 'ইউমলী' শব্দ বলেছেন। ইবরাহীম ইবনু সাঈদ আল-জাওহারী-আবু উসামাহ হতে, তিনি বুরাইদ ইবনু

আবদুল্লাহ হতে, তিনি তার দাদা আবু বুরদাহ হতে, তিনি আবু মুসা (রায়ঃ) হতে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে এই সূত্রে একই রকম বর্ণনা করেছেন। এতে সন্দেহমুক্তভাবে 'ইউমলী' শব্দ উল্লেখ আছে।

English

Narrated Abu Musa:

that the Messenger of Allah (ﷺ) said: "Indeed Allah Blessed and Most High gives respite (Yumli)" and perhaps he said: "(Yumhil)" respite to the wrong-doer until, when He seizes him, and he cannot escape." Then he recited the Ayah: Such is the punishment of your Lord when He seizes the towns while they are doing wrong (11:102).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হ্যাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ আবু মুসা আল- আশ'আরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=41630>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন